

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা
বাংলাদেশ সচিবালয় ঢাকা

বিষয় : বিআইডব্লিউটিসি কর্তৃক নিজস্ব অর্থে বাস্তবায়নাধীন “বিআইডব্লিউটিসি’র পুরাতন ডাম্প ফেরি প্রতিস্থাপনকল্পে দু’টি উন্নত মানের কে-
টাইপ ফেরি নির্মাণ” শীর্ষক প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মোঃ আবদুস সামাদ সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
সভার তারিখ	:	০৩/০৫/২০১৮ খ্রিঃ।
সময়	:	দুপুর ১২.০০ ঘটিকা।
স্থান	:	নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	:	পরিশিষ্ট- “ক”তে সন্নিবেশিত হলো।

২। আলোচনাঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বিআইডব্লিউটিসি এর চেয়ারম্যান মহোদয়ের নিকট প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে তিনি জানান, এ প্রকল্পটির মেয়াদ ছিল জুলাই ২০১৫ হতে জুন ২০১৭ পর্যন্ত। পরবর্তীতে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ জুন, ২০১৮ পর্যন্ত করা হয়। কিন্তু নির্মাতা প্রতিষ্ঠান ও Classification Society (BV) এর মধ্যে সহযোগিতার ঘাটতি থাকার কারণে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি বিলম্বিত হয়। ফলশ্রুতিতে প্রকল্পটি শেষ করতে আরো এক বছর সময় প্রয়োজন হবে। প্রকল্প পরিচালক বলেন, তিনি ৭ এপ্রিল ২০১৮ তারিখ সর্বশেষ প্রকল্প পরিদর্শন করেন। এই প্রকল্পের দরপত্র প্রক্রিয়াকরণ শেষে গত ০৮/০২/২০১৬ খ্রি: তারিখে মেসার্স থ্রী-এক্সেল মেরিন লিঃ ও কুমিল্লা শিপ বিল্ডার্স লি: (Joint Venture) এর সাথে বিআইডব্লিউটিসি’র চুক্তি স্বাক্ষরিত হয়। নির্মাণাধীন ২টি ফেরির নির্মাণকাজ তদারকীর জন্য International Classification Society, Classification Society Bureau Veritas (BV) কে দায়িত্ব দেয়া হয়। নির্মাতা প্রতিষ্ঠানের পক্ষ হতে জানানো হয়, Classification Society Bureau Veritas (BV) এর তত্ত্বাবধানে কাজ করতে বিভিন্ন ধরনের সমস্যার সম্মুখীন হচ্ছে। বিলম্বের কারণ হিসেবে নির্মাতার পক্ষ হতে ফেরির ডিজাইন Approval Process ধীর গতি ও Classification Society (BV) এর অসহযোগিতার বিষয়টি উল্লেখ করেন। এ জন্য পরবর্তীতে Classification Society (RINA) বিআইডব্লিউটিসি’র অনুমোদনক্রমে Classification Society Bureau Veritas (BV) এর স্থলাভিষিক্ত হয়।

৩। মেইন ইঞ্জিন ও জেনারেটর সেটের Pre Shipment Inspection (PSI) ইতিমধ্যে প্রথম টিমের পরিদর্শন শেষ হয়েছে। পরিকল্পনা অনুযায়ী আরো একটি PSI সম্পাদন বাকী আছে। এই PSI শেষে যন্ত্রপাতি দেশে পৌছাতে জুন ২০১৮ পর্যন্ত সময় লাগতে পারে। যন্ত্রপাতি দেশে আনারপর ফেরিতে স্থাপন ও টেস্ট-ট্রায়াল এবং টেক ওভার করতে জানুয়ারী ২০১৯ সময় লাগবে। বিল ভাউচার, ট্রাফি সংশোধনপূর্বক চূড়ান্তভাবে ফেরি বুকে নিতে মার্চ ২০১৯ সময় লাগতে পারে। এ বিবেচনায় প্রকল্পটির মেয়াদ জুন ২০১৯ পর্যন্ত বাড়ানো যেতে পারে। সভাপতি বলেন দেশ উন্নত হচ্ছে ফলে যানবাহন সংখ্যা বৃদ্ধি পাচ্ছে সে বিবেচনায় ফেরি যথাসময়ে তৈরি করাটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল। ঐদের সময় ফেরি ঘাটগুলোতে যাতে যানবাহন নির্বিঘ্নে পারাপার হতে পারে তার জন্য এই ফেরি যথাসময়ে হস্তান্তর উচিত ছিল। কিন্তু Classification Society ও নির্মাতা প্রতিষ্ঠানের মধ্যে কালক্ষেপণ হওয়ায় দেরি হয়েছে যা মোটেই কাম্য ছিল না। গুরুত্বের বিবেচনায় আগামী মার্চ ২০১৯ এর মধ্যে ফেরি নির্মাণের সকল কার্যক্রম শেষ করে চূড়ান্ত হস্তান্তরের নির্দেশনা দেন। পরবর্তীতে এ জাতীয় কাজের ক্ষেত্রে দ্রুত সেবা প্রাপ্তিতে আন্তর্জাতিক দরপত্র আহবান করার বিষয়ে তিনি নির্দেশনা দেন। আলোচনান্তে সর্ব সম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। সিদ্ধান্তসমূহঃ

- (ক) বিআইডব্লিউটিসি'র নিমিত্তব্য "পুরাতন ডাম ফেরি প্রতিস্থাপনকল্পে দু'টি উন্নত মানের কে-টাইপ ফেরি নির্মাণ" শীর্ষক প্রকল্পটির ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ২য় দফায় বৃদ্ধি করে মার্চ, ২০১৯ পর্যন্ত করার সুপারিশ করা হলো।
- (খ) প্রকল্পটি মার্চ, ২০১৯ এর মধ্যে সমাপ্ত করতে হবে। কোন অবস্থাতেই আর প্রকল্পের মেয়াদ বাড়ানো যাবে না।
- (গ) উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে প্রকল্পটি সংশোধনপূর্বক দ্রুত মন্ত্রণালয়ে উপস্থাপন করতে হবে।

০৫। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
(মোঃ আবদুস সামাদ)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

স্মারক নং-১৮.০২২.১২০.০১৪.০০২.২০১৪/৭০


তারিখঃ ২০/০৫/২০১৮খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃঃ আঃ মহা-পরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ)।
- ২। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
- ৪। বিভাগীয় প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা। (দৃঃ আঃ যুগ্ম-প্রধান, রেল পরিবহন উইং)।
- ৫। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ফেয়ারলি হাউজ, শাহবাগ, ঢাকা-১২১৭।
- ৬। প্রকল্প পরিচালক "বিআইডব্লিউটিসি'র পুরাতন ডাম ফেরি প্রতিস্থাপনকল্পে দুটি উন্নতমানের কে-টাইপ ফেরি নির্মাণ" প্রকল্প, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, শাহবাগ, ঢাকা।

অনুলিপি :

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (তাকে কার্যবিবরণীটি ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


২০.০৫.২০১৮
এস. এম. আলিমগীর
সহকারী প্রধান
ফোনঃ-৯৫১৪৪৭৬